দৈনিক বাংলা

তারিখ 21 AUG 1991
পৃষ্ঠা ৮ কলাম ৮

৩১

# বিশ্ববিদ্যালয় পরিষদের প্রস্তাব

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের এক সভার প্রস্তাবে বলা হয়েছে, ভাইস-চ্যান্সেলরগণ তাঁদের স্ব স্ব বিশ্ববিদ্যালয় যত শীঘ্র সম্ভব খুলে দিতে আগ্রহী। কিন্তু বিশ্ববিদ্যালয় যাতে পুনরায় বন্ধ করতে না হয় তার জন্যে সুষ্ঠু পরিবেশ সৃষ্টি করতে হবে। যার দায়িত্ব সরকার, রাজনৈতিক দল এবং তাদের ছাত্র সংগঠনগুলোর।

গতকাল ভিসিদের স্থানীয় কমিটির জরুরী সভার প্রস্তাবে একথা বলা হয়। এতে সভাপতিত্ব করেন পরিষদের চেয়ারম্যান ও শাহজালাল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর সদরুদ্দিন আহমদ চৌধুরী।

আলোচনায় ভিসিগণ একমত হন যে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসগুলোতে সন্ত্রাস মারাত্মক রূপ ধারণ করেছে। এই সন্ত্রাস সবক্ষেত্রেই মূলতঃ বহিরারোপিত এবং এর ধরন ও চরিত্র রাজনৈতিক। সভার এক প্রস্তাবে বলা হয়; সরকার, রাজনৈতিক দলসমূহ এবং তাদের অঙ্গ ছাত্র সংগঠনগুলোকে পত্র-পত্রিকা ও রেডিও-টেলিভিশনের মাধ্যমে এ ও নিশ্চয়তা দিতে হবে যে ভিসি ও প্রশাসনিক দায়িত্বে নিয়োজিত অন্যান্য ব্যক্তি তাদের দায়িত্ব পালন করতে গিয়ে নির্যাতনের শিকার হবেন না। ক্যাম্পাসে সকলের জানমালের নিশ্চয়তা বিধানের জন্যে সরকার ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সচেষ্ট থাকবে বলে অপর এক প্রস্তাবে উল্লেখ করা হয়। খবর বিজ্ঞপ্তির।